# AKASHVANI (AIR)

## RNU : KOLKATA

## Bengali Text Bulletin

**Date 08-01-2025** **Time: 7.35 A.M.**

---

<u>বিশেষ বিশেষ খবরঃ–</u>

১) সাগরমেলাকে কেন্দ্র করে জলপথের মাধ্যমে অনুপ্রবেশ রোধে সংশ্লিষ্ট দপ্তরগুলিকে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী সতর্ক থাকার নির্দেশ দিয়েছেন। গঙ্গাসাগরে মেলার প্রস্তুতি খতিয়ে দেখার পাশাপাশি ২১৪ কোটি টাকারও বেশি মূল্যের কয়েকটি প্রকল্পের উদ্বোধন ও শিলান্যাস করেছেন তিনি।

২) আসন্ন বিশ্ব বঙ্গ বাণিজ্য সম্মেলনের প্রস্তুতি পর্যালোচনায় রাজ্য সরকার আজ ফের বৈঠকে বসছে।

৩) রাজ্যপাল হিসাবে মানুষের অভাব অভিযোগ, তাদের সমস্যার কথা শুনে সেগুলি সমাধান করা তাঁর কর্তব্য বলে রাজ্যপাল সি ভি আনন্দ বোস মন্তব্য করেছেন।

৪) বিচারাধীন বন্দীদের স্বস্তি দিতে কেন্দ্রীয় সরকার সবকটি রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলকে ভারতীয় নাগরিক সুরক্ষা সংহিতার ৪৭৯ নম্বর ধারা অবিলম্বে কার্যকর করার জন্য বলেছে।

৫) রাজ্যে আগামী কয়েকদিনে তাপমাত্রার পারদ ২ থেকে ৪ ডিগ্রি পর্যন্ত নামতে পারে বলে আবহাওয়া দপ্তর জানিয়েছে।

---

সাগর মেলা কে কেন্দ্র করে জলপথের মাধ্যমে যাতে অনুপ্রবেশ না ঘটতে পারে সেজন্য মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি সংশ্লিষ্ট সবকটি দপ্তরকে সজাগ থাকার নির্দেশ দিয়েছেন। গঙ্গাসাগরে মেলার প্রস্তুতি খতিয়ে দেখে কলকাতা ফেরার আগে সাগর হেলিপাডে  গতকাল বিভিন্ন সরকারি প্রকল্পের উদ্বোধনী অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী বলেন, উপকূল বাহিনীর এই বিষয়ে বেশি সজাগ থাকা প্রয়োজন। মুখ্যমন্ত্রী সাগর থেকে দক্ষিণ ২৪ পরগনা জেলার ৩০টি প্রকল্পের উদ্বোধন এবং ১৯টি প্রকল্পের শিলান্যাস করেন। এর আনুমানিক আর্থিক মূল্য যথাক্রমে ১৫৩ কোটি টাকা ও ৬১ কোটি টাকা। এর ফলে প্রায় ১৯ লক্ষ সাধারণ মানুষ উপকৃত হবেন। কেন্দ্রীয় সরকার কুম্ভের জন্য নানাভাবে সাহায্য করলেও, গঙ্গাসাগর মেলার জন্য সেরকম কিছু করা হয় না বলে মুখ্যমন্ত্রী অভিযোগ করেছেন।

বাইট

মেলাকে পরিবেশ বান্ধব করে তুলতে, এবার পুণ্যার্থীদের পুজোর সামগ্রী দেওয়া হবে বায়োডিগ্রেডেবল ক্যারি ব্যাগে। কেউ গুরুতর অসুস্থ হয়ে পড়লে জরুরী পরিষেবার জন্য একটি এয়ার অ্যাম্বুলেন্স সব সময় তৈরি থাকবে। এছাড়াও চারটি ওয়াটার অ্যাম্বুলেন্স ও ১০০ টি সাধারণ এম্বুলেন্স মেলায় রাখা হচ্ছে। এবারের মেলায় এবার ২৫০০ সিভিল ডিফেন্স কর্মী ও স্বেচ্ছাসেবক ছাড়াও থাকছে ইনটেনসিভ কেয়ার ইউনিটের ব্যবস্থা, পর্যাপ্ত ডাক্তার নার্স এবং প্যারামেডিক কর্মীও।

এদিকে মেলার প্রস্তুতি নিয়ে আমাদের প্রতিনিধি জানাচ্ছেন-

ভিসি-অভিজিত

----------------------

এদিকে মুখ্যমন্ত্রী যে কেন্দ্রীয় বঞ্চনার কথা বলছেন তার পালটা জবাব দিয়েছে বিজেপি। বিধানসভায় দলের আহ্বায়ক শঙ্কর ঘোষ বলেন রাজ্য সরকার টাকার কোণ হিসেব দেয় না।

বাইট

-----------------------

আসন্ন বিশ্ববঙ্গ বানিজ্য সম্মেলনের প্রস্তুতি পর্যালোচনায় রাজ্য সরকার আরও এক দফা বৈঠকে বসতে চলেছে। মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জির পৌরহিত্যে আজ দুপুরে নবান্নে প্রস্তাবিত এই বৈঠকে উপস্থিত থাকার জন্যে মুখ্যসচিব, স্বরাষ্ট্রসচিব, রাজ্য পুলিশের মহানির্দেশক, কলকাতার পুলিশ কমিশনার, রাজ্য শিল্প উন্নয়ন নিগম সহ সংশ্লিষ্ট বিভিন্ন দপ্তরের প্রশাসনিক কর্তাদের উপস্থিত থাকার নির্দেশ দেওয়া হয়েছে। এই সম্মেলনকে কেন্দ্র করে মুখ্যমন্ত্রী বিভিন্ন প্রশাসনিক কর্তাদের যে দায়িত্ব দিয়েছেন তার কাজ কতদুর এগিয়েছে বৈঠকে তা নিয়েও মুখ্যমন্ত্রী খোঁজখবর নেবেন বলে মনে করা হচ্ছে। উল্লেখ্য আগামী মাসের ৫ তারিখ দুই দিনের এই সম্মেলন আয়োজিত হচ্ছে।

এদিকে এই বৈঠকের আগে স্টুডেন্ট উইক উপলক্ষ্যে মুখ্যমন্ত্রী আলিপুরের ধনধান্য প্রেক্ষাগৃহে আয়োজিত এক সরকারি অনুষ্ঠানে রাজ্যের বিভিন্ন সরকারি ও সরকারি সাহায্যপ্রাপ্ত বিদ্যালয়ের বিভিন্ন স্তরের কৃতি ছাত্র ছাত্রীদের সঙ্গে মিলিত হবেন।

-----------------------

দক্ষিণবঙ্গের উত্তর চব্বিশ পরগনা জেলা থেকে ক্ষুদ্র, মাঝারি ও ছোট শিল্পে চার হাজার ১০০ কোটি টাকা বিনিয়োগের প্রস্তাব এসেছে। এর ফলে প্রায় দেড় লক্ষ মানুষের কর্মসংস্থান হবে। গতকাল জেলার নিউটাউনের বিশ্ববাংলা কনভেনশন সেন্টারে

আয়োজিত সিনারজি কনক্লেভ-এ জেলার প্রায় পাঁচশো জন শিল্পদ্যোগী অংশ নেন। সেখানেই তারা এই বিনিয়োগের প্রস্তাব দিয়েছেন বলে সরকারিভাবে জানানো হয়েছে। এই জেলায় শিল্পের উন্নয়নে গত এপ্রিল থেকে সেপ্টেম্বর পর্যন্ত বিভিন্ন ক্ষুদ্র ও মাঝারি শিল্প উদ্যোগীকে আট হাজার ২৮২ কোটি টাকা ব্যাংক ঋণ দেওয়া হয়েছে। এছাড়াও বাংলাশ্রী প্রকল্পে ৬টি ইউনিটকে ৬৫ লক্ষ তিন হাজার টাকা ভর্তুকি দেওয়া হয়েছে বলে নবান্ন থেকে জারি করা এক সরকারি বিবৃতিতে জানানো হয়েছে।

-----------------------

রাজ্যপাল হিসেবে রাজ্যের মানুষের অভাব অভিযোগ, তাঁদের সমস্যার কথা শোনা এবং সেগুলির সমাধান করা তাঁর কর্তব্য বলে রাজ্যপাল সিভি আনন্দ বোস মন্তব্য করেছেন। গতকাল উত্তর ২৪ পরগণার হিঙ্গলগঞ্জের বাকরায় আমার গ্রাম কর্মসূচির অঙ্গ হিসেবে তিনি গ্রামবাসীদের অভাব অভিযোগ শোনেন। পরে সাংবাদিকদের সঙ্গে কথাবার্তায় রাজ্যপাল বলেন-

বাইট

বিএসএফ এর ১১৮ নম্বর ব্যাটালিয়নের শিবিরে একাধিক কর্মসূচিতে অংশ নিয়েছেন রাজ্যপাল। রাজ্যপাল বলেন, বিএসএফ ভারতের সম্পদ। দেশবাসীর নিরাপত্তার স্বার্থে ভারতের সীমান্ত রক্ষী বাহিনী বহিঃশত্রুর আক্রমণ প্রতিহত করতে সব দিক দিয়ে প্রস্তুত। রাজ্যপাল নদীপথে ভারত-বাংলাদেশ সীমান্ত পরিদর্শন করেন।

-----------------------

যোগ্য ব্যক্তিরা যাতে চাকরী পান, মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী সেই চেষ্টাই করেছেন বলে তৃণমূল কংগ্রেসের রাজ্য সম্পাদক কুনাল ঘোষ মন্তব্য করেছেন। গতকাল সুপ্রিম

কোর্টে এসএসসি চাকরী বাতিল মামলার শুনানি মুলতুবি হওয়া নিয়ে সাংবাদিকদের প্রশ্নের উত্তরে কুনাল বাবু বলেন, একটি মহল অযথা রাজনীতি করে জটিলতা তৈরি করেছে।

বাইট

উল্লেখ্য, এসএসসি চাকরি বাতিল মামলার পরবর্তী শুনানি হবে আগামী ১৫ ই জানুয়ারি। প্রধান বিচারপতি সঞ্জীব খান্না সব পক্ষকে পরবর্তী শুনানির মধ্যে হলফনামা জমা দিতে বলেছেন।

রাজ্য সরকারি কর্মীদের ডিএ মামলার শুনানিও শীর্ষ আদালত পিছিয়ে দিয়েছে।

-----------------------

আকাশবাণী কলকাতা সংবাদ বিভাগের বিভিন্ন পদে ক্যাজুয়াল চুক্তিভিত্তিক নিয়োগের লিখিত পরীক্ষার ফলাফল প্রকাশিত। সফল পরীক্ষার্থীদের নামের তালিকা আকাশবাণী ভবনের রিসেপশন এবং সংবাদ বিভাগের সামনে টাঙানো আছে। আকাশবাণী কলকাতা সংবাদ বিভাগের সমস্ত সোশ্যাল মিডিয়া প্ল্যাটফর্মেও এই তালিকা দেখতে পাওয়া যাচ্ছে।

-----------------------

কেন্দ্রীয় সরকার বিচারাধীন বন্দীদের স্বস্তি দিতে সবকটি রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলকে ভারতীয় নাগরিক সুরক্ষা সংহিতার ৪৭৯ নম্বর ধারা অবিলম্বে কার্যকর করার জন্য বলেছে। এর আওতায় জেলে বিচারের অপেক্ষায় থাকা বন্দীদের সংখ্যা কমানো সম্ভব হবে। এই জন্য কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রক সবকটি রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলের মুখ্যসচিবদের চিঠি পাঠিয়েছে। নতুন আইনের আওতায় সর্বোচ্চ সাজার এক তৃতীয়াংশ

মেয়াদ বিচারাধীন অবস্থায় কাটালে প্রথমবারের অপরাধীদের বন্ডের বিনিময়ে মুক্তি দেওয়া যাবে।

-----------------------

ভাটপাড়া পুরসভার টেন্ডার দুর্নীতি মামলার তদন্তে সিআইডি, প্রাক্তন বিজেপি সাংসদ অর্জুন সিং-এর বিধায়ক পুত্র পবন সিং-কে জিজ্ঞাসবাদের জন্য ডেকে পাঠিয়েছে। আজ দুপুর ১২টার মধ্যে তাকে ভবানীভবনে হাজির থাকতে বলা হয়েছে। পৃথক একটি মামলায় অর্জুন সিং-কেও আজ তলব করা হয়েছে।

-----------------------

মালদার তৃণমূল কংগ্রেস নেতা দুলাল সরকার খুনের ঘটনায় দলেরই টাউন সভাপতি তথা হিন্দী সেলের জেলা সভাপতি নরেন্দ্রনাথ তিওয়ারিকে জিজ্ঞাসাবাদ করেছে পুলিশ। থানায় ডেকে পাঠানো হয় নরেন্দ্রনাথের দুই ভাই বীরেন্দ্রনাথ এবং অখিলেশ তিওয়ারিকে। তিনজনকে মুখোমুখি বসিয়ে জেরা করা হয়েছে বলে সূত্রের খবর।

-----------------------

পাসপোর্ট জালিয়াতি কান্ডের তদন্তে আরও একজনকে গ্রেপ্তার করেছে বর্ধমান থানার পুলিশ। ধৃত ভাস্কর সামন্ত হুগলীর খানাকুল থানার ঘসুয়া সামন্ত পাড়ার বাসিন্দা। মূলত জাল জন্ম শংসাপত্র, আধার ও অন্যান্য নথিপত্র ঐ ব্যক্তি তৈরি করে দিত বলে জানা গেছে। উদ্ধার হয়েছে একটি ল্যাপটপ, আইফোন, বায়োমেট্রিক ডিভাইস। গতকাল তাকে আদালতে তোলা হলে তিনদিনের পুলিশ হেফাজত হয়েছে। জাল পাসপোর্ট কেলেঙ্কারির তদন্তে বর্ধমান পুলিশ এ পর্যন্ত ৫ জনকে গ্রেপ্তার করল।

-----------------------

রাজ্যে আগামী কয়েকদিনে তাপমাত্রার পারদ ধীরে ধীরে ফের কিছুটা নামবে বলে আলিপুর আবহাওয়া দপ্তর জানিয়েছে। দক্ষিণবঙ্গের বেশ কয়েকটি জেলায় তাপমাত্রা ২ থেকে ৪ ডিগ্রি পর্যন্ত নামতে পারে। ঘন কুয়াশা থাকবে দুই বর্ধমান, বীরভূম, মুর্শিদাবাদ এবং উত্তরের কয়েকটি জেলায়।

কলকাতায় আজ সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ১৬ ডিগ্রি সেলসিয়াস, যা স্বাভাবিকের চেয়ে দুই ডিগ্রি বেশি। সর্বোচ্চ তাপমাত্রা ২৫ ডিগ্রি সেলসিয়াসের আশাপাশে থাকার সম্ভাবনা।

----------------------- -----------------------